

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৪.১০.১০০.২২. ৪৬২

তারিখঃ ২৫/০৩/২০২৪ খ্রিঃ।

অফিস আদেশ

আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৪ উপলক্ষ্যে সারা দেশে অঞ্জীভূত পিসি, এপিসি ও আনসারদের নির্বিঘ্নে ছুটিতে গমন ও ছুটি থেকে প্রত্যাগমন নিশ্চিত করতে এবং ঈদের ছুটিকালে সম্ভাব্য সকল ধরণের অনিয়ম রোধকল্পে সকল জেলা কমান্ড্যান্ট/জোন অধিনায়ক/ওআইসি সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করবেন এবং নিম্নবর্ণিত নির্দেশনাসমূহের বাস্তবায়ন নিশ্চিত করবেনঃ

- ক. পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষ্যে প্রতি ক্যাম্প থেকে যত সংখ্যক পিসি/এপিসি এবং আনসার ছুটিতে যাবেন ক্যাম্পভিত্তিক তার তালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট/জোন অধিনায়ক তালিকায় স্বাক্ষর করে ছুটি পাশ করবেন। পাশকৃত ছুটির একটি প্রিন্টেড কপি সংশ্লিষ্ট ক্যাম্পে সংরক্ষণ করবেন। পাশকৃত ছুটি সম্পর্কে সংশ্লিষ্ট পিসি/এপিসি ও আনসারদের অবহিত করার ব্যবস্থা নিবেন;
- খ. সকল জেলা/জোনের সকল ক্যাম্পের ঈদ উপলক্ষ্যে পাশ করা ছুটির একটি পিডিএফ কপি আগামী ০১/০৪/২০২৪ খ্রি. তারিখের মধ্যে অব্যর্থভাবে সংশ্লিষ্ট রেঞ্জ/ডিএমএ-তে প্রেরণ নিশ্চিত করবেন;
- গ. জেলা কমান্ড্যান্ট/জোন অধিনায়ক কর্তৃক পাশকৃত ছুটির অতিরিক্ত কোন ছুটি কোনক্রমেই কাঙ্ক্ষিত হবে না। সে কারণে কোন ক্যাম্প থেকে পাশকৃত ছুটির অতিরিক্ত বা বিকল্প কোন আনসারকে ছুটি ছাড়া হচ্ছে কিনা তা পর্যবেক্ষণের ব্যবস্থা করবেন। এমন নজির পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট রেঞ্জ/ডিএমএ-কে অবহিত করবেন;
- ঘ. ঈদের ছুটিকালে কোন ক্যাম্পের পিসি/এপিসি এবং আনসারকে কোন জরুরী ছুটি প্রদান অপরিহার্য হলে শুধুমাত্র জেলা কমান্ড্যান্ট/জোন অধিনায়ক সে ছুটি প্রদান করবেন। এক্ষেত্রে জরুরী ছুটি অনুমোদনের তালিকা ১৩/০৪/২০২৪ খ্রি. তারিখের পূর্বে সংশ্লিষ্ট রেঞ্জ/ডিএমএ-তে প্রেরণ করবেন;
- ঙ. ঈদের ছুটিতে গমনকারী আনসার তার বেতন, ঈদ বোনাস, রেশন সামগ্রী হাতে পেয়েছে কিনা তা নিশ্চিত করবেন; এবং
- চ. অঞ্জীভূত আনসার সদস্যগণ মানসম্মত গাড়িতে যাতায়াত করবেন, রাতের যাত্রা পরিহার করবেন, অপরিচিত ব্যক্তি হতে খাবার গ্রহণ থেকে বিরত থাকবেন, ব্যক্তি নিরাপত্তা বজায় রাখবেন এবং অধিক নগদ অর্থ বহন পরিহার করবেন।

০২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

বিষয়টি অতীব জরুরী এবং গুরুত্বপূর্ণ।

- ১। জেলা কমান্ড্যান্ট (সকল)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,
- ২। জোন অধিনায়ক (সকল)
ঢাকা/চট্টগ্রাম মহানগর আনসার,
- ৩। ওআইসি
ঢাকা মহানগর আনসার, ডিএমএ, ডিএমপি, ঢাকা।

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৪.১০.১০০.২২. ৪৬২

অনুলিপিঃ

১. অতিরিক্ত মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
২. উপমহাপরিচালক (অপারেশন্স), আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৩. উপমহাপরিচালক/পরিচালক (সকল রেঞ্জ), আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,
৪. পরিচালক, ঢাকা মহানগর আনসার, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা।
৫. অফিস কপি/ মাস্টার কপি।




মোঃ আহসান উল্লাহ
বিএভি নম্বর-১২০০৯৩
পরিচালক (অঞ্জীভূতকরণ)
ফোন নম্বর: ৫৫১২০৫৯৩

তারিখঃ ২৫/০৩/২০২৪ খ্রিঃ।

সদয় অবগতির জন্য।

সদয় অবগতি ও কার্যক্রমের জন্য।

সংরক্ষণের জন্য।



পরিচালক (অঞ্জীভূতকরণ)